রেজিস্টার্ড নং ডি এ-১

২০২৫ সনের ৪৬ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১৩, ২০২৫

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১০০৫—১০১১ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৩৮৫—১৬৭৬ | ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৪৯৭—৫২৩ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৪২১—১৪৪৩ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৬**

**আদেশবলি**

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩২/১৫ অক্টোবর ২০২৫

নং **১০.০০.০০০০.১৩০.১১.০৪২.২৫.৫১৬**—The Notaries Ordinance, 1961 এর ৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে মাগুরা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম, পিতা-মোঃ আব্দুল মজিদ ফকির-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারি হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারিরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারিরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ-এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারিরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং **১০.০০.০০০০.১৩০.১১.০৪৮.২৫.৫১৭**—The Notaries Ordinance, 1961 এর ৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে মাগুরা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব ইফ্‌ফাত আরা টুম্পা, পিতা-নাজমুল হাবিব তুষার-কে, সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারী হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারিরূপে নিয়োগ দান করা হইল :

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারিরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ-এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারিরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হাসান মাহমুদুল ইসলাম**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**ডি-১৪ অধিশাখা**

**অফিস আদেশ**

তারিখ: ২৮ আশ্বিন ১৪৩২/১৩ অক্টোবর ২০২৫

নং **২৩.০০.০০০০.১৪০.১১.১৭৯.২০-২২৭**—কাতারের দোহায় বাংলাদেশ দূতাবাসের প্রতিরক্ষা শাখায় এনসিও (পিএ) হিসেবে কর্মরত নম্বর ১২২৭৩১৩ সার্জেন্ট (স্টেনো) মোঃ জাকিরুল ইসলাম, এসিসি এর গত ০৩ জুলাই ২০২৫ তারিখে জন্মগ্রহণকারী প্রথম সন্তান Tashrif Jawad Tabid (তাশরীফ জাওয়াদ তাবিদ)-এর নাম পরিবারের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. মোঃ মাহবুবুর রশীদ**
উপসচিব।

---

**ডি-১৮ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ/০৯ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **২৩.০০.০০০০.১৮০.২৭.১১৮.২১.৪২০**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৮৮৩০ মেজর শাকিব আমান, সিগন্যালস্-কে আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি এ্যাক্ট (রুলস) ৯(এ), আর্মি রেগুলেশন্স (রুলস) ৭৮(সি), ২৫৩(এ), ২৬১ এবং ২৬৯(এ) অনুসারে প্রশাসনিক ব্যবস্থার আওতায় বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে 'বরখাস্ত' করা হলো।

২। এ আদেশ জারির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে উক্ত অফিসারের 'বরখাস্ত' কার্যকর হবে।

তারিখ: ০৫ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ/২১ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **২৩.০০.০০০০.১৮০.২৭.১৭৭.২২.৪৩৩**—বাংলাদেশ সেনাবাহিনীর জেএসএস-০০৫৪১ মেজর নুসরাত শারমিন, এএফএনএস-কে আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি এ্যাক্ট (রুলস) ৯(এ), আর্মি রেগুলেশন্স (রুলস) ৭৮(সি), ২৫৩(এ), ২৬১ এবং ২৬৯(এ) অনুসারে প্রশাসনিক ব্যবস্থার আওতায় বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে 'বরখাস্ত' করা হলো।

২। এ আদেশ জারির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে উক্ত অফিসারের 'বরখাস্ত' কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মাহবুবুর রশীদ**
উপসচিব।

**ডি-৬ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫ কার্তিক ১৪৩২/২১ অক্টোবর ২০২৫

নং **২৩.০০.০০০০.০৬০.১১.০১৪.১৯(অংশ-১).৫৭৫**—বাংলাদেশ নৌবাহিনীর লেঃ তানজুমা নুজহাত, (এস), বিএন(পি নং ৩৮৯৪)-কে নৌ অধ্যাদেশ, ১৯৬১ এর ধারা ১৭(১) এবং নৌ প্রবিধান, ১৯৬১ এর অনুচ্ছেদ ০৮০১ (এফ) মোতাবেক প্রশাসনিক আদেশে নৌবাহিনীর চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service) করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম. জে. আরিফ বেগ**
উপসচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-১ শাখা**

**শোক বার্তা**

তারিখ: ০৬ কার্তিক ১৪৩২/২২ অক্টোবর ২০২৫

নং **৩৩.০০.০০০০.১২৬.০৫.০৫৪.১৩.৭৮৩**—মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মৎস্য অধিদপ্তরের জনাব সানী খান মজলিস, সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, রংপুর গত ১৬ সেপ্টেম্বর ২০২৫ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০.১৪ ঘটিকায় রংপুরস্থ কমিউনিটি মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসারত অবস্থায় মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

০২। জনাব সানী খান মজলিস মানিকগঞ্জ জেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে ১২ ফ্রেব্রুয়ারি ১৯৮২ তারিখে জন্ম গ্রহণ করেন। তিনি ৩১তম বিসিএস পরীক্ষার মাধ্যমে নিয়োগপ্রাপ্ত হয়ে গত ১৫ জানুয়ারি ২০১৩ তারিখে উপজেলা মৎস্য কর্মকর্তা পদে চাকরিতে প্রথম যোগদান করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি বিভিন্ন দপ্তরে অত্যন্ত নিষ্ঠার সাথে সরকারি দায়িত্ব পালন করেন।

০৩। জনাব সানী খান মজলিস তাঁর চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী ছিলেন। মৃত্যুকালে তিনি স্বামী, ০১ (এক) ছেলে, আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

০৪। আমরা জনাব সানী খান মজলিস এর মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর রুহের মাগফিরাত কামনা করছি এবং মরহুমের পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

**আবু তাহের মুহাম্মদ জাবের**
সচিব।

## আইন-৪ শাখা
## ভূমি মন্ত্রণালয়

### পরিপত্র

তারিখ: ৩১ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ/১৬ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়: অবাণিজ্যিক ও অলাভজনক উদ্দেশ্যে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান/ধর্মীয় প্রতিষ্ঠান/দাতব্য প্রতিষ্ঠান/সরকারি প্রতিষ্ঠান/সামাজিক প্রতিষ্ঠানের অনুকূলে ইজারা প্রদত্ত অর্পিত সম্পত্তির ইজারা মূল্যের হার নির্ধারণ।**

**সূত্র: (১) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ এর এনটিআর শাখা-২ এর স্মারক নম্বর ০৭.০০.০০০০.০০০.১৪৪.০৪.০০০৪.২০.৭৯; তারিখ: ১৫-১০-২০২৫ খ্রি.**

**(২) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৩১.০০.০০০০.০৪৫.৫৩. ০০২.১৬-৬১৯; তারিখ: ০৩-১২-২০১৯ খ্রি.**

**(৩) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৩১.০০.০০০০.০৪৫.৫৩. ০০২.১৬-৪২; তারিখ: ০৬-০১-২০২১ খ্রি.**

নং **৩১.০০.০০০০.০০০.০৪৫.৪৫.০০১০.২৫.৪৩৪**—উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ০২ নম্বর ও ০৩ নম্বর স্মারকে জারীকৃত পরিপত্রে অবাণিজ্যিক ও অলাভজনক উদ্দেশ্যে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান/ধর্মীয় প্রতিষ্ঠান/দাতব্য প্রতিষ্ঠান/সরকারি প্রতিষ্ঠান/সামাজিক প্রতিষ্ঠানের অনুকূলে ইজারা প্রদত্ত অর্পিত সম্পত্তি বিষয়ে পৃথক কোনো নির্দেশনা ছিল না।

০২। সূত্রোক্ত ০২ নম্বর স্মারকে নির্ধারিত ইজারা মূল্য কার্যকরের পর থেকে দেশব্যাপী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসহ বিভিন্ন সামাজিক বা ধর্মীয় প্রতিষ্ঠান ইজারা মূল্য পরিশোধ করতে পারছে না মর্মে সরকারের গোচরে এসেছে। জাতি গঠন ও সমাজ বিনির্মাণ প্রক্রিয়ায় এসকল প্রতিষ্ঠানের ইতিবাচক ভূমিকা রয়েছে বিবেচনায় উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে ইজারাকৃত অর্পিত সম্পত্তির ইজারামূল্যের হার যৌক্তিক পর্যায়ে নির্ধারণ করা সমীচীন।

০৩। বর্ণিতাবস্থায়, শুধুমাত্র অবাণিজ্যিক ও অলাভজনক উদ্দেশ্যে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান/ধর্মীয় প্রতিষ্ঠান/দাতব্য প্রতিষ্ঠান/সরকারি প্রতিষ্ঠান/সামাজিক প্রতিষ্ঠানের অনুকূলে ইজারা প্রদত্ত অর্পিত সম্পত্তির ইজারা মূল্যের হার নিম্নরূপে নির্ধারণ করা হলো:

| শ্রেণি | একক | (১) উপজেলা এলাকা (সিটি কর্পোরেশন ও পৌর এলাকা ব্যতীত) ইজারা মূল্যের হার (টাকায়) | (২) পৌর এলাকা (সিটি কর্পোরেশন ব্যতীত) ইজারা মূল্যের হার (টাকায়) |
|---|---|---|---|
| (ক) কৃষি জমি (স্থাপনার জমি ব্যতীত) | প্রতি শতক | ২০/- | ৫০/- |
| (খ) অকৃষি জমি (স্থাপনার জমি ব্যতীত) | প্রতি শতক | ৩০/- | ৬০/- |
| (গ) কাঁচা ঘর (মেঝে কাঁচা/পাকা, টিনের বেড়া ও টিনের চাল) | প্রতি বর্গফুট | ১.৫/- | ৫/- |
| (ঘ) আধাপাকা ঘর (মেঝে পাকা, দেয়াল পাকা ও টিনের চাল) | প্রতি বর্গফুট | ২/- | ৬/- |
| (ঙ) পাকা ঘর (দালান) | প্রতি বর্গফুট | ৫/- | ৮/- |

| শ্রেণি | একক | (৩) (সিটি কর্পোরেশন এলাকা (ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন ব্যতীত) ইজারা মূল্যের হার (টাকায়) | (৪) ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকা ইজারা মূল্যের হার (টাকায়) |
|---|---|---|---|
| (ক) কৃষি জমি (স্থাপনার জমি ব্যতীত) | প্রতি শতক | - | - |
| (খ) অকৃষি জমি (স্থাপনার জমি ব্যতীত) | প্রতি শতক | ৮০/- | ১৬০/- |
| (গ) কাঁচা ঘর (মেঝে কাঁচা/পাকা, টিনের বেড়া ও টিনের চাল) | প্রতি বর্গফুট | ৬/- | ১২/- |
| (ঘ) আধাপাকা ঘর (মেঝে পাকা, দেয়াল পাকা ও টিনের চাল) | প্রতি বর্গফুট | ৮/- | ১৬/- |
| (ঙ) পাকা ঘর (দালান) | প্রতি বর্গফুট | ১০/- | ২০/- |

০৪। উল্লেখ্য যে, শুধুমাত্র অবাণিজ্যিক ও অলাভজনক উদ্দেশ্যে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান/ধর্মীয় প্রতিষ্ঠান/দাতব্য প্রতিষ্ঠান/সরকারি প্রতিষ্ঠান/সামাজিক প্রতিষ্ঠানের অনুকূলে ইজারা প্রদত্ত অর্পিত সম্পত্তির ক্ষেত্রে ইজারা মূল্যের এ নতুন হার প্রযোজ্য হবে। জেলা প্রশাসকগণ যথাযথভাবে ও সরেজমিন তদন্ত করে প্রতিষ্ঠানের আর্থিক সক্ষমতা সম্পর্কে নিশ্চিত হয়ে ইজারা মূল্যের নতুন এ হার প্রয়োগ করবেন। ইতিপূর্বে এ উদ্দেশ্যে ইজারা প্রদান না করা হয়ে থাকলে নতুন করে কোনো ইজারা গ্রহীতা এ পরিপত্রে বর্ণিত সুবিধা প্রাপ্য হবেন না।

০৫। এ পরিপত্র জারির তারিখ হতে কার্যকর হবে। শুধুমাত্র বাণিজ্যিক ও অলাভজনক উদ্দেশ্যে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান/ধর্মীয় প্রতিষ্ঠান/দাতব্য প্রতিষ্ঠান/সরকারি প্রতিষ্ঠান/সামাজিক প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য শ্রেণির ইজারা গ্রহীতার ক্ষেত্রে সূত্রোক্ত ০২ নম্বর ও ০৩ নম্বর স্মারকে জারীকৃত ইজারা মূল্যের হার যথারীতি বহাল থাকবে। সূত্রোক্ত ০২ নম্বর ও ০৩ নম্বর স্মারকে জারীকৃত পরিত্রের শর্তাদি সকল ক্ষেত্রে যথারীতি বহাল থাকবে।

**এ এস এম সালেহ আহমেদ**
সিনিয়র সচিব।

---

**[ একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত ]**

**বেসামরিক বিমান পরিবহন পর্যটন মন্ত্রণালয়**

**সিএ-২ অধিশাখা**

**পরিপত্র**

তারিখ ০৩ কার্তিক ১৪৩২/১৯ অক্টোবর ২০২৫

নং **৩০.০০.০০০০.০১৪.২৮.০০২.২০১৮.৪৪০**—হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজে গত ১৮-১০-২০২৫ তারিখে সংগঠিত অগ্নিকান্ড সম্পর্কিত ঘটনাক্রমের Cataloging এর নিমিত্ত নির্দেশক্রমে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো:

আহবায়ক

(ক) সদস্য (প্রশাসন), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

সদস্যবৃন্দ

(খ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর প্রতিনিধি।

(গ) বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রতিনিধি।

(ঘ) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ এর ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রতিনিধি।

(ঙ) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ এর কার্গো বিভাগের প্রতিনিধি।

(চ) ঢাকা কাস্টমস হাউজ এর প্রতিনিধি।

(ছ) জাতীয় নিরাপত্তা গোয়েন্দা এর প্রতিনিধি।

সদস্য-সচিব

(জ) উপসচিব (সিএ-২), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

২। **কার্যপরিধি:**

(ক) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজে গত ১৮-১০-২০২৫ তারিখে সংগঠিত অগ্নিকান্ড সম্পর্কিত ঘটনাক্রমের সময়াবদ্ধ Cataloging প্রস্তুত করা;

(খ) প্রস্তুতকৃত Cataloging এর উপর একটি বিশ্লেষণ প্রতিবেদন প্রস্তুত করবে;

(গ) কমিটি আগামী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করবে।

৩। কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ঠতা বিবেচনায় যেকোনো ব্যক্তিকে কো-অপ্ট করতে পারবে;

৪। যথাযথ কর্তপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যাকর হবে।

**রুমানা ইয়াসমিন**
উপসচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**মাদক-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ আশ্বিন, ১৪৩২/১৫ অক্টোবর, ২০২৫

নং **৫৮.০০.০০০০.১৯৩.২৭.০০৩.১৮-১৯৭**—জনাব মোঃ নাজির উল্লাহ (পরিচিত নং-১৩০৯৫), সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, দিনাজপুর-এর বিরুদ্ধে দায়েরকৃত সিটিসিআর মামলা নং-৩৯/২০২৪ এর পুলিশ প্রতিবেদন বিজ্ঞ জেলা ও দায়রা জজ আদালত, রংপুর কর্তৃক ১৫-০৫-২০২৪ তারিখে গৃহীত হয়েছে বিধায় অভিযোগপত্র (সিটি কেস নং-৩৯/২৪) সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩৯ (২) বিধি অনুযায়ী চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি আর্থিক বিধি-বিধান মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাহবুব আলম**
উপসচিব।

---

**শৃঙ্খলা-০৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ কার্তিক, ১৪৩২বঙ্গাব্দ/২৭ অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.২৩৭.২৭.০১১.২৪-১৪০**—যেহেতু, জনাব মোঃ শাহিনুর রহমান, সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, গোপালগঞ্জ (সংযুক্ত: বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও)-কে গত ৩০-০৫-২০২৪ তারিখ বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা হতে আঞ্চলিক পাসপোর্ট অফিস, গোপালগঞ্জে বদলি করা হয়। উক্ত বদলি আদেশের প্রেক্ষিতে বদলিকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত তাকে ০৮-০৭-২০২৪ তারিখ বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা-এর কার্য হতে অব্যাহতি প্রদান করা হলেও তিনি বদলিকৃত কর্মস্থলে যোগদান না করে ০৯-০৭-২০২৪ তারিখ হতে চাকরি থেকে অব্যাহতি চেয়ে আবেদন দাখিল করেন এবং কর্তৃপক্ষ কর্তৃক তা গৃহীত হওয়ার পূর্বেই কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন। ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর হতে গত ০৩-০৮-২০২৪ তারিখে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলেও তিনি কোনো জবাব দাখিল করেননি;

যেহেতু, জনাব মোঃ শাহিনুর রহমান-কে পরবর্তীতে গত ১২-০৮-২০২৪ তারিখ আঞ্চলিক পাসপোর্ট অফিস, গোপালগঞ্জ হতে প্রধান কার্যালয়, ঢাকায় সংযুক্ত আদেশ প্রদান করা হলেও তিনি অদ্যাবধি সংযুক্ত কর্মস্থলে যোগদান না করে কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন;

যেহেতু, তিনি ০৯-০৭-২০২৪ তারিখ হতে ২৭-১১-২০২৪ তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে ১৪১ (একশত একচল্লিশ) দিন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত আছেন;

যেহেতু, তিনি বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও ঢাকায় কর্মরত থাকাকালীন নিজ পেশা 'সরকারি চাকরি' গোপন করে 'শিক্ষক' পেশা উল্লেখ করে নিজেই নিজের পাসপোর্টের আবেদন জমা করেন এবং Approval প্রদান করে পাসপোর্ট নম্বর A07134797 গ্রহণ করেন;

যেহেতু, তাঁর এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এবং ৩(গ) বিধি মোতাবেক "পলায়ন" এর শামিল বিধায় তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নং ১১/২০২৪ রুজু করা হয় এবং গত ০১-০১-২০২৫ তারিখের ৪৪.০০.০০০০.২৩৭.২৭.০১১.২৪-১০৬ নং স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়;

যেহেতু, তিনি অভিযোগনামার জবাব প্রেরণ করেননি এবং ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেননি। সে প্রেক্ষিতে গত ২৭-০৪-২০২৫ তারিখে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দোহাতীতভাবে প্রমাণীত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু. তদন্ত প্রতিবেদন, তথ্য প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণীত হওয়ায় একই বিধিমালার ৪(৩) (ঘ) বিধি অনুযায়ী 'চাকুরী হতে বরখাস্তকরণ' এর বিষয়ে প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তাঁর দাপ্তরিক ঠিকানায় প্রেরিত পত্রটি ফেরত এসেছে ও তাঁর স্থায়ী ঠিকানায় প্রেরিত তাঁর বড় ভাই মোঃ নাজিয়ার রহমান কর্তৃক পত্র গৃহীত হয়েছে এবং এ বিষয়ে তাঁর কোনো জবাব পাওয়া যায়নি বিধায় গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রেখে একই বিধিমালার ৭(১০) বিধি মোতাবেক তাকে সরকারি 'চাকুরী হতে বরখাস্তকরণ' এর বিষয়ে পরামর্শ গ্রহণের জন্য গত ০৪-০৮-২০২৫ তারিখে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পত্র প্রেরণ করা হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন তাকে 'চাকুরী হতে বরখাস্তকরণ' এর বিষয়ে গৃহীত প্রাথমিক সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে প্রস্তাবিত গুরুদণ্ড আরোপের পরামর্শ প্রদান করেছে;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও (গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩) (ঘ) বিধি মোতাবেক জনাব মোঃ শাহিনুর রহমান, সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, গোপালগঞ্জ, (সংযুক্ত: বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও)-কে সরকারি চাকুরী হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিমুল গনি**
সিনিয়র সচিব।

**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ কার্তিক ১৪৩২বঙ্গাব্দ/২৮ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.১০৭০**—যেহেতু, জনাব মোঃ শাহ নূর আলম পাটওয়ারী (বিপি-৭৯১১১৪২৫২৭), বর্তমানে এন্টি টেরোরিজম ইউনিটে সংযুক্ত ইতঃপূর্বে অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ডিবি), (পুলিশ সুপার পদে পদোন্নতিপ্রাপ্ত), আরপিএমপি, রংপুর কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গত ১৯-০৮-২০২৪ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

সেহেতু, জনাব মোঃ শাহ নূর আলম পাটওয়ারী (বিপি-৭৯১১১৪২৫২৭)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুসারে অসদাচরণ ও পলায়নের অপরাধে অভিযুক্ত হওয়ায় বিধি ১২ উপবিধি (১) অনুযায়ী গত ১৯-০৮-২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিমুল গনি**
সিনিয়র সচিব।

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[ কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা ]**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১০ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ/২৬ অক্টোবর, ২০২৫ খ্রি.।

নং **১১৩/২০২৫/কাস্টমস/৪১৪**—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মেসার্স এম্পোরিয়াম ডিউটি ফ্রি [বন্ড লাইসেন্স নং-০২, তারিখ: ১৫-১০-২০১২ খ্রি.] নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং-৬৪/২০২৪/কাস্টমস/৫৮০, তারিখ: ১৫-১২-২০২৪ খ্রি: এর মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য প্রদত্ত প্রাপ্যতার মেয়াদ প্রতিষ্ঠানের আবেদন এবং সার্বিক পরিস্থিতি বিবেচনায় আগামী ৩১ ডিসেম্বর, ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। উল্লেখ্য, বর্ণিত মেয়াদের আমদানিকৃত পণ্য পরবর্তী মেয়াদের আমদানি প্রাপ্যতার সাথে সমন্বয় করার শর্তে এ অনুমতি প্রদান করা হলো।

তারিখ: ১১ কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ/২৭ অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ।

নং **১১৪/২০২৫/কাস্টমস/৪১৭**—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২ (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান এইচ কবির এন্ড কোং লিঃ [বন্ড লাইসেন্স নং-০৩/পিবিডব্লিউ/১৯৭৮, তারিখ: ৩১-০৮-১৯৭৮ খ্রি:] এর অনুকূলে ইতোপূর্বে বিয়োজনের শর্তে প্রত্যয়নপত্রের মাধ্যমে প্রদত্ত ৩,৩১,৫২২.৭৪ মার্কিন ডলার আমদানি প্রাপ্যতা বিয়োজনপূর্বক ২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা নিম্নরূপে নির্ধারণ করিল, যথা:

| ক্র. নং | প্রতিষ্ঠানের নাম | ২০২৫-২০২৬ অর্থবছরে নির্ধারিত আমদানি প্রাপ্যতার পরিমাণ |
|---|---|---|
| ১. | এইচ কবির এন্ড কোং লিঃ | ১১,০০,০০০.০০<br>(এগার লক্ষ) মার্কিন ডলার |

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে**

**সুরাইয়া সুলতানা**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ৭ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ/২৩ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০১১.২৪.২৩১**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪(৭) ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাটির স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে এল নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | নিয়ামতউল্লাপুর | ৩৩ | ১৪৭৪ | ০৩ | পাবনা সদর | পাবনা |

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০০১.২৪.২২৭**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪(৭) ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | শিট নম্বর | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ১ | বোয়ালিয়া | ২৪১ | ২০২৬ | ২ | গোবিন্দগঞ্জ | গাইবান্ধা |
| ২ | গোবিন্দপুর | ২৪৩ | ১০৭৯ | ১২ | গোবিন্দগঞ্জ | গাইবান্ধা |
| ৩ | ভাটী কাপাসিয়া | ১০৬ | ১১৫০ | ৯ | সুন্দরগঞ্জ | গাইবান্ধা |
| ৪ | দক্ষিণ খড়িবাড়ী | ২৪ | ২২৯৮ | ৫ | ডিমলা | নীলফামারী |

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০০৮.২৩.২২৮**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৮৭৫ (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নম্বর আইন) এর ধারা ১৪৪ এর(১) নম্বর উপধারা বর্ণিত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নিম্নবর্ণিত মৌজার ডিজিটাল পদ্ধতিতে জরিপ আরম্ভকরণের প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হলো:

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে. এল নম্বর | | উপজেলার নাম | জেলার নাম | এরিয়া (একর) |
|---|---|---|---|---|---|---|
| | | সাবেক | বি এস | | | |
| ০১ | চান্দশ্রী | ২৯ | ৪৩ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | ১৩৩.৭১ |
| 0২ | চর কাশেম | - | ৪৩ | হাইমচর | চাঁদপুর | ৪৬৮.১১ |
| 0৩ | ডাকের চর | - | ৪৪ | হাইমচর | চাঁদপুর | ১৪৩৯.০৯ |

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ ইব্রাহীম মিয়াজী**
সহকারী সচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**প্রাণিসম্পদ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ কার্তিক ১৪৩২/২৭ অক্টোবর ২০২৫

নং **৩৩.০০.০০০০.১১৭.৯৯.০০৬.২৫-৫৮৮**—জনাব মনিকা দেবনাথ (গ্রেডেশন নম্বর-১৮০৭), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লিভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর ঢাকা এর অনুকূলে নেদারল্যান্ডে এম. এস কোর্সে অধ্যয়নের জন্য মঞ্জুরিকৃত প্রেষণাদেশ ০১-১০-২০২৩ তারিখ সমাপ্ত হওয়ার পর অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি। এক্ষণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুযায়ী জনাব মনিকা দেবনাথ (গ্রেডেশন নম্বর-১৮০৭) এর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে; এবং

২। যেহেতু, জনাব মনিকা দেবনাথ (গ্রেডেশন নম্বর-১৮০৭), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লিভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা এর প্রেষণাদেশের মেয়াদ শেষ হওয়ার পর অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি বিধায় কর্তৃপক্ষ তাঁকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন মনে করেন;

৩। সেহেতু, জনাব মনিকা দেবনাথ (গ্রেডেশন নম্বর-১৮০৭), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লিভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর ঢাকা-কে চাকরি হতে  সাময়িক ভাবে বরখাস্ত করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু তাহের মুহাম্মদ জাবের**
সচিব।

---

**রেলপথ মন্ত্রণালয়**
**প্রশাসন অনুবিভাগ**

**প্রশাসন-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩২/14 অক্টোবর ২০২৫

নং **৫৪.০০.০০০০.০০০.০২৩.২৭.০০০৬.২৫-১৩২**—যেহেতু, জনাব মোঃ ময়নুল ইসলাম, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মহাপরিচালকের কার্যালয়, রেলভবন, ঢাকা [মূলপদ: প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে] কর্তৃপক্ষ এর অনুমতি ব্যতিরেকে ২০-১২-২০২৪ খ্রি. তারিখ হতে ২১-০৪-২০২৫ তারিখ পর্যন্ত মোট ১২৩ (একশত তেইশ) দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন; এবং

যেহেতু, তিনি ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থেকে দাপ্তরিক কাজে উদাসীনতা ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের আদেশের প্রতি অশ্রদ্ধাশীল আচরণ প্রদর্শন করেছেন, যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮- এর ৩ (গ) বিধি অনুযায়ী “পলায়ন” (Desertion) এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ; এবং

যেহেতু, বর্ণিত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুযায়ী পলায়নের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং ২৬-০৮-২০২৫ খ্রি. তারিখের ৫৪.০০.০০০০.০০০.০২৩.২৭.০০০৬.২৫.১১৬ নং স্মারকে উক্ত বিভাগীয় মামলায় তাকে কারণ দর্শাতে বলা হলে তিনি নির্ধারিত সময়ের মধ্যে ০৭-০৯-২০২৫ খ্রি. তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন এবং ২৩-০৯-২০২৫ খ্রি. তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণীর বিপরীতে অভিযুক্ত জনাব মোঃ ময়নুল ইসলাম কর্তৃক দাখিলকৃত জবাব, শুনানি প্রদানকালে লিখিত জবানবন্দি এবং নথিপত্র পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩ (গ) বিধি অনুযায়ী তাঁর বিরুদ্ধে আনীত “পলায়ন” (Desertion) এর অভিযোগ প্রমাণিত হয়েছে। তবে, উক্ত অননুমোদিত ছুটিকালীন তাঁর আমেরিকা প্রবাসী ক্যান্সার আক্রান্ত অসুস্থ স্ত্রীর উন্নত চিকিৎসায় নিযুক্ত থাকা এবং অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক ক্ষমা প্রার্থনা করায় ও ভবিষ্যতে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি ঘটবে না মর্মে অঙ্গীকারাবদ্ধ হওয়ায় বিষয়টি  আমলে নিয়ে তার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলায় (মামলা নং-০৪/২০২৫) তাকে একই বিধিমালার বিধি ৪(২) (খ) অনুযায়ী “০১ (এক) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত” নামীয় লঘুদণ্ড প্রদান করা সমীচীন বলে প্রতীয়মান হয়;

সেহেতু, সার্বিক বিবেচনায় জনাব মোঃ ময়নুল ইসলাম, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মহাপরিচালকের কার্যালয়, রেলভবন, ঢাকা [মূলপদ: প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩ (গ) বিধি অনুযায়ী “পলায়ন” (Desertion) এর অভিযোগে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৪(২) (খ) অনুযায়ী “০১ (এক) বছরের বার্ষিক জন্য বেতন বৃদ্ধি স্থগিত” নামীয় লঘুদণ্ড প্রদান করা হলো। ভবিষ্যতে তিনি উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না। একইসাথে জনাব মোঃ ময়নুল ইসলামকে বর্ণিত অননুমোদিত ছুটির বিষয়ে বিধি মোতাবেক ছুটির আবেদন করার  জন্যও নির্দেশ প্রদান করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: ফাহিমুল ইসলাম**
সচিব।